

# ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ

ব্রাহ্মণবাড়িয়া

নিবন্ধন নং ১৭৬/২(চট্ট); তারিখ: ২২/১২/২০০৮ইং ফোন : ৫৮২৬২, E-mail : bksbl1913@Gmail.com

স্মারক : ০৩৫৮(ক)

তারিখ : ২১-১২-২০২১খ্রি.

বরাবর


জেলা তথ্য অফিসার  
জেলা তথ্য অফিসারের কার্যালয়  
ব্রাহ্মণবাড়িয়া।

বিষয় : অফিস ভাড়া চুক্তি নবায়ন এবং অফিস ভাড়া বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : আপনার কার্যালয়ের স্মারক নং- ১৫.৫৬.১২০০.০৫৯.৫২.০০৩.২০-১৭, তারিখ ৩১-০৮-২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাইতেছে যে, ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর মালিকানাধীন আপনার কার্যালয়ের দীর্ঘদিন যাবৎ ৪,০০০/- (চার হাজার) টাকা ভাড়া ভাড়াটিয়া চুক্তি নামার মেয়াদ গত ৩০-০৬-২০১০খ্রি. তারিখে উত্তীর্ণ হইলেও বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও অদ্য পর্যন্ত নবায়ন করিতেছেন না। অন্যদিকে আপনার কার্যালয়ের গত ৩১-০৮-২০২১খ্রি. তারিখের ১৫.৫৬.১২০০.০৫৯.৫২.০০৩.২০-১৭ নং স্মারক পত্রে অফিসের সামনের গেইট পরিবর্তন, বাথরুম মেরামত এবং ০৩টি কক্ষের ভিতরের দেয়াল রং করার জন্য আবেদন করিয়াছেন।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের গত ২১-১০-২০২১খ্রি. তারিখের ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩১-১২-২০২১খ্রি. তারিখের মধ্যে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা উল্লেখ করিয়া ভাড়াটিয়া চুক্তি নামা নবায়ন করার জন্য অনুরোধ করা হইল। উল্লেখ্য যে, চুক্তি নামা সম্পন্ন করার পর আপনার কার্যালয়ের স্মারক পত্র মোতাবেক অফিসের সামনের গেইট পরিবর্তন, বাথরুম মেরামত এবং ০৩টি কক্ষের ভিতরের দেয়াল রং করার কাজ করা হইবে।



(মো: সোহরাব উদ্দিন)

প্রিন্সিপাল অফিসার

ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ

ব্রাহ্মণবাড়িয়া

০১৭৬৩-৪১২০৬০

তারিখ : ২১-১২-২০২১খ্রি.

স্মারক : ০৩৫৮(ক)/১(৩)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হইল :

- ০১। জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
- ০২। সভাপতি, ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ।
- ০৩। অফিস কপি।

প্রিন্সিপাল অফিসার

ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ

ব্রাহ্মণবাড়িয়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া  
[www.info.brahmanbaria.gov.bd](http://www.info.brahmanbaria.gov.bd)



নং-১৫.৫৬.১২০০.০৫৯.৫২.০১২.২০- ৯৪

তারিখঃ ২৩.০৩.২০২২খ্রি.


বরাবর,  
মহাপরিচালক  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য ভবন.১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।

বিষয়ঃ ব্রাহ্মণবাড়িয়া জেলা তথ্য অফিস হিসেবে ব্যবহৃত বাড়াকৃত বাড়ীর মাসিক ভাড়ার পরিমাণ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জেলা তথ্য অফিস হিসেবে ব্যবহৃত সমবায় ব্যাংকের মালিকানাধীন বাড়ীটির চুক্তির মেয়াদ গত ৩০/০৬/২০১০ খ্রি. তারিখে শেষ হয়ে যায়। মালিকপক্ষ গত ৩১/১২/২০২১ খ্রি. তারিখ ১৬,০০০/- (ষোল হাজার) টাকা ভাড়া বৃদ্ধিকরে নতুন করে চুক্তি নবায়নের জন্য অনুরোধ করে। অর্থবছর বিবেচনায় জরুরী ভিত্তিতে ৩০/০৬/২০২২খ্রি. তারিখ হতে ৩০/০৬/২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ)বছরের জন্য চুক্তি নবায়ন একান্ত প্রয়োজন। জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া অফিস ভবন ফ্ল্যাটের (গ্যারেজসহ) ৪.৫ (চার দশমিক পাচ) শতক জায়গা মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকা মাত্র ভাড়া দিয়ে আসছে। নতুন করে ভাড়া বৃদ্ধি না করায় মালিক পক্ষ অফিসের কক্ষগুলো রং ও মেরামত করে দিচ্ছে না।

এতএব মহোদয় বর্তমান বাজারদর বিবেচনা করে মাসিক অফিস ভাড়া ১৬,০০০/- (ষোল হাজার) টাকা বৃদ্ধিকরণপূর্বক সদয় অনুমোতি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি: এর আবেদন ০১(এক) ফর্দ।

 ২৩/০৬/২২

(মো: আসাদুজ্জামান কাউছার)

তথ্য অফিসার

জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া।

[dio.bbaria.2015@gmail.com](mailto:dio.bbaria.2015@gmail.com)

ফোন: ০৮৫১-৫৮৪৩৯

তারিখঃ ২৩.০৩.২০২২খ্রি.

নং-১৫.৫৬.১২০০.০৫৯.৫২.০১২.২০-

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

০১। জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।

০২। সভাপতি, ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি:।

০৩। অফিস নথি।

(মো: আসাদুজ্জামান কাউছার)

তথ্য অফিসার